সমকাল

তারিখ ... 18 MAY 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

# বাল্যবিয়েতে রাজি না হওয়ায় মাদ্রাসা ছাত্রীকে পেটালেন বাবা-মা

■ নেত্রকোনা প্রতিনিধি

জেলার কেন্দুয়ায় বাল্যবিয়েতে রাজি না হওয়ায় বাবা-মা ষষ্ঠ শ্রেণীর এক মাদ্রাসা ছাত্রীর হাত-পা বেঁধে বেধড়ক মারধর করে ঘরে আটকে রাখে। এলাকাবাসীর সহযোগিতায় স্বাবলম্বী উন্নয়ন সমিতি সোমবার আহত ছাত্রী কলি আক্তারকে উদ্ধার করে কেন্দুয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেছে। উপজেলার নওপাড়া ইউনিয়নের কাউরাট গ্রামে এ ঘটনা ঘটে।

জানা গেছে, কেন্দুয়ার কাউরাট দাখিল মাদ্রাসার ষষ্ঠ শ্রেণীর ছাত্রী কলি আক্তারকে তার মতামত ছাড়াই জোর করে সৎ মা মদিনা আক্তার ও বাবা মুহাম্মদ আলী গত চৈত্র মাসে পার্শ্ববর্তী ময়মনসিংহের গৌরীপুর উপজেলার ধারাকান্দি গ্রামের তোতা মিয়ার ছেলে রমজান মিয়ার সঙ্গে রেজিস্ট্রি কাবিন ছাড়া সাদা কাগজে লিখে বিয়ে দেন। কলি এ বিয়েতে রাজি হয়নি।

বাবা মুহাম্মদ আলী মেয়ে কলি আক্তারকে তার অসুস্থ শ্বশুরকে দেখতে যাওয়ার কথা বলেন। এতে কলি রাজি না হওয়ায় গত রোববার রাতে বাবা ও সৎ মা মদিনা আক্তার ঘরের দরজা বন্ধ করে তাকে হাত-পা বেঁধে তার ওপর নির্যাতন চালায়।